সংবাদ

তারিখ 16 JUN 2008
পৃষ্ঠা 2 কলাম ৩

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# মেয়াদ-উত্তীর্ণ সিনেট সিন্ডিকেট কমিটির নির্বাচন দাবি নীল দলের

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

মেয়াদ-উত্তীর্ণ সিনেট, সিন্ডিকেট, ডীনস্ কমিটি, একাডেমিক কাউন্সিল ও ফিন্যান্স কমিটির নির্বাচনের দাবি জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় নীল দলের শিক্ষকরা। বিশ্ববিদ্যালয়ের এসব নীতিনির্ধারণী কমিটির নির্বাচনের জন্য গতকাল রোববার নীল দলের শিক্ষকরা উপাচার্যের সঙ্গে সাক্ষাৎ করেন।

এ সময় নীল দলের শিক্ষকদের আহ্বায়ক অধ্যাপক হারুন-অর-রশিদ, অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দীক, অধ্যাপক আখতারুজ্জামান, অধ্যাপক ড. আনোয়ার হোসেন, ড. ইমামুল হক, ড. এমএ মালেক ও ড. সহিদুজ্জামান চান উপস্থিত ছিলেন।

এ ব্যাপারে অধ্যাপক আখতারুজ্জামান বলেন, গণতান্ত্রিক চেতনাকে সমুন্নত রাখার জন্য এসব কমিটির নির্বাচন সময়মতো হওয়া উচিত। নির্বাচন না হওয়ায় বিশ্ববিদ্যালয়ের অনেক প্রতিষ্ঠানকে দূষিত করা হয়েছে। অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দীক বলেন, জরুরি অবস্থার দোহাই দিয়ে নির্বাচন না করে বিশ্ববিদ্যালয়ের ৭৩ অধ্যাদেশ সরাসরি লঙ্ঘন করা হয়েছে। অধ্যাপক ড. আনোয়ার বলেন, জোট সরকারের আমলে এই প্রশাসনিক কাঠামোগুলো গঠন করা হয়েছে। অনেককে মেধার ভিত্তিতে নয়, দলীয়ভাবে মনোনয়ন দেয়া হয়েছে। তিনি বলেন, দলীয় ক্ষমতায়নের কারণে তারা জোট কাঠামো ধরে রাখতে চায়। তিনি আরও বলেন, জরুরি অবস্থার আগে সিনেট শিক্ষক প্রতিনিধি বাদে অন্যান্য কমিটির মেয়াদ শেষ হয়ে গেলেও উপাচার্য ইচ্ছাকৃতভাবে নির্বাচন দেননি। সংশ্লিষ্ট অনেকেই মনে করছেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন ইচ্ছাকৃতভাবেই এসব কমিটিকে ব্যবহার করে গুরুত্বপূর্ণ অনেক সিদ্ধান্ত এক তরফাভাবে নিচ্ছে।

উল্লেখ্য, সিনেটের মোট ১০৫ সদস্যের মধ্যে ২৫ রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধির মেয়াদ শেষ হয় ২০০৬ সালের ২৬ জুন, ৩৫ শিক্ষক প্রতিনিধির মেয়াদ চলতি মাসের ২৬ তারিখে শেষ হবে। ২ বছর মেয়াদি বর্তমান সিন্ডিকেটের সর্বশেষ নির্বাচন অনুষ্ঠিত হয় ২০০৪ সালের ৫ সেপ্টেম্বর। সিন্ডিকেটে বর্তমান ১৭ সদস্যের মেয়াদ শেষ হয়েছে ২০০৬ সালের ১২ সেপ্টেম্বর।